গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : জুলাই ২০২৩ মাসে অনুষ্ঠিত "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৩ জুলাই, ২০২৩
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
বিবেচ্য মাস : জুন, ২০২৩

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে নিয়োক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি ১: **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্যসূচি ২: **ভূমি মন্ত্রণালয়ের অধীন মাঠ পর্যায়ের রাজস্ব প্রশাসনের উপজেলা ভূমি অফিস,ইউনিয়ন ভূমি অফিস ভবন মেরামত/সংস্কার সংক্রান্ত**

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান ভূমি মন্ত্রণালয়ের ০৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৩৮.২০.০০৬.২২.৬৭ নম্বর স্মারকে মাঠ পর্যায়ের রাজস্ব প্রশাসনের ২০২২-২৩ অর্থবছরে উপজেলা ভূমি অফিস,ইউনিয়ন ভূমি অফিস এবং পৌর ভূমি অফিস সমূহের মেরামত/সংস্কারের নিমিত্ত এ জেলার জন্য সর্বমোট =৫১,৪৪,৮৩২/- (একান্ন লক্ষ চুয়াল্লিশ হাজার আটশত বত্রিশ) টাকা মঞ্জুরি পাওয়া গেছে।

ভূমি মন্ত্রণালয় হতে উল্লিখিত পূর্তকমে মঞ্জুরিকৃত বরাদ্দ এবং সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামের নিকট হতে প্রাপ্ত জরুরি মেরামত/সংস্কারের প্রয়োজন এরুপ অগ্রাধিকারভিত্তিক উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস এবং পৌর ভূমি অফিসের তালিকার পরিপ্রেক্ষিতে মেরামত/সংস্কারের ব্যয় বিভাজন অনুমোদন করা হয়।

সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি),কুড়িগ্রাম জানান প্রাপ্ত বরাদ্দ দ্বারা মেরামত/সংস্কার কাজের জন্য প্রযোজ্য বিধি মোতাবেক দরপত্র আহবান করা হয়। সে প্রেক্ষিতে ঠিকাদার নিয়োগ করা হয় এবং মেরামত/সংস্কার কাজসমূহ প্রযোজ্য বিধি অনুসরণ/প্রতিপালনপূর্বক সমাপ্ত হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় সমাপ্ত পূর্তকর্মের বিবরণ নিয়োক্তভাবে উপস্থাপন করেন।

| ক্রঃ নং | উপজেলা | মেরামত/সংস্কারযোগ্য উপজেলা,পৌর ও ইউনিয়ন ভূমি অফিস এর নাম | বাস্তবায়ন/অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | কুড়িগ্রাম সদর | ১। উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর সীমানা প্রাচীর নির্মাণ | সহকারী কমিশনার (ভূমি),কুড়িগ্রাম সদর এর প্রত্যয়নের ভিত্তিতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। |
| ২ | নাগেশ্বরী | ১। ইউনিয়ন ভূমি অফিস,গাগলা, নাগেশ্বরী, কুড়িগ্রাম এর সীমানা প্রাচীর ও মেইন গেট নির্মাণ | সহকারী কমিশনার (ভূমি),নাগেশ্বরীর প্রত্যয়নের ভিত্তিতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। |
| ৩ | ভূরুঙ্গামারী | ১। উপজেলা ভূমি অফিস,ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম এর অফিস মেরামত/সংস্কার | সহকারী কমিশনার (ভূমি),ভূরুঙ্গামারী এর প্রত্যয়নের ভিত্তিতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। |
| | | ২। ইউনিয়ন ভূমি অফিস, ভূরুঙ্গামারী সদর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর অফিস মেরামত/সংস্কার | |
| | | ৩। ইউনিয়ন ভূমি অফিস, সোনাহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর মেরামত/সংস্কার কাজ | |
| | | ৪। ইউনিয়ন ভূমি অফিস, ধলডাঙ্গা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর মেরামত/সংস্কার | |
| ৪ | রাজারহাট | ১। ইউনিয়ন ভূমি অফিস, ছিনাই, রাজারহাট, কুড়িগ্রাম এর সীমানা প্রাচীর নির্মাণ | সহকারী কমিশনার (ভূমি),রাজারহাট এর প্রত্যয়নের ভিত্তিতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। |
| ৫ | উলিপুর | ১। পৌর ভূমি অফিস, উলিপুর, কুড়িগ্রাম এর দেয়াল মেরামত, মেঝে প্লাস্টারসহ টাইলস ও রুম রংকরণ | সহকারী কমিশনার (ভূমি),উলিপুর এর প্রত্যয়নের ভিত্তিতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। |
| | | ২। ইউনিয়ন ভূমি অফিস, দূর্গাপুর, উলিপুর, কুড়িগ্রাম এর অফিস চত্বরের সীমানা প্রাচীর নির্মাণ | |
| ৬ | চিলমারী | ১। উপজেলা ভূমি অফিস,চিলমারী, কুড়িগ্রাম এর গোল ঘর নির্মাণ বটতলা চত্বর এবং অফিস ভবনের সীমানা প্রাচীর নির্মাণ | সহকারী কমিশনার (ভূমি), চিলমারী এর প্রত্যয়নের ভিত্তিতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। |
| ৭ | রৌমারী | ১। ইউনিয়ন ভূমি অফিস, দাতভাঙ্গা, রৌমারী,কুড়িগ্রাম এর অফিস মেরামত | সহকারী কমিশনার (ভূমি), রৌমারী এর প্রত্যয়নের ভিত্তিতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। |
| ৮ | ফুলবাড়ী | ১। উপজেলা ভূমি অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর অফিস মেরামত/সংস্কার | সহকারী কমিশনার (ভূমি),ফুলবাড়ী এর প্রত্যয়নের ভিত্তিতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। |

আলোচ্যসূচি ৩: **বিবিধ**

অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম জানান সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯, তারিখঃ ২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় নির্মিতব্য উপজেলা ভূমি অফিস,পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য ইতোপূর্বে জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।

উপজেলা ভূমি অফিস, পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস এর মেরামত/সংস্কার কাজের গুণগত মান সঠিক রাখার বিষয়ে নিয়মিত পরিদর্শন করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম, রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়।

সভায় চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা ভূমি অফিস, পৌর ও ইউনিয়ন ভূমি অফিস পুন: নির্মাণ/মেরামত/সংস্কার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান ২০২৩-২০২৪ অর্থবছরে কুড়িগ্রাম জেলার মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস এর তালিকা প্রেরণের জন্য সহকারী কমিশনার(ভূমি) (সকল), কুড়িগ্রামকে পত্র দেয়া যেতে পারে।

২০২৩-২০২৪ অর্থবছরে কুড়িগ্রাম জেলার মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা আগামী রাজস্ব সভার পূর্বেই কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশ প্রদান করা হলো।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। প্রত্যেকটি উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ/মেরামত / সংস্কার কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে সভার কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম।<br>৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম। |
| ২। আগামী রাজস্ব সভার পূর্বেই ২০২৩-২০২৪ অর্থবছরে মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা ও কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম গতিশীল ও জনবান্ধব করার জন্য সর্বাধিক গুরুত্ব আরোপ করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/৮/২০২৩
(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর
আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের
জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮. ৯০৯৬(২৬)

তারিখ : ০৬ ভাদ্র,১৪৩০
২১ আগষ্ট,২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচির, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম।
৬। উপজেলা নির্বাহী অফিসার,..............................,(সকল), কুড়িগ্রাম।
৭। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।
৮। সহকারী কমিশনার (ভূমি),,..............................,(সকল)কুড়িগ্রাম।
৯। প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১০। অফিস কপি ।

২১/৮/২০২৩
জেলা প্রশাসক
কুড়িগ্রাম